

## রাবার বাগান সৃজনে আর্থিক ব্যয় এবং আয় ও পরিবেশগত সুবিধাদি :

### **ক) রাবার বাগান সৃজনঃ**

১. রাবার বাগান সৃজন করতে হলে উচ্চফলনশীল জাতের ১১মাস/২১মাস পদ্ধতির নাসাৰী সৃজন করতে হয়। আমাদের দেশে ২১ মাস পদ্ধতির চারা লাগানো সবচেয়ে নিরাপদ।

২. ১ (এক) একর নাসাৰী সৃজন করে ১৬,৩২০টি সফল চারা পাওয়া যায়-যা দিয়ে ৫০ একর বাগান সৃজন এবং সৃজিত বাগানের শৃণ্যস্থান পূরণ করা হয়।

৩. প্রতি একর নাসাৰী সৃজন এবং পরিচর্যায় বর্তমানে বিএফআইডিসি'র (সৃজন-২,০৫,০০০/-+পরিচর্যা ২৮,৩০০/-)= ২,৩৩,৩০০/- (দুই লক্ষ তেক্রিশ হাজার তিনশত) টাকা খরচ হয় (জমির মূল্য ও প্রশাসনিক ব্যয় ব্যতীত)। এতে প্রতি চারা উভ্রেলনে খরচ পড়ে প্রায় ১৫/- (পনের) টাকা।

৪. প্রতি একর বাগান সৃজনে প্রশাসনিক ব্যয় ব্যতীত বর্তমানে বিএফআইডিসি'র খরচ পড়ে ৪৩৩৫/- টাকা। প্রতি একর বাগান পরিচর্যায় খরচ পড়ে (১ম বর্ষ-৪৬০৮/-, ২য় বর্ষ-৪৫৫৬/-, ৩য়-৬ষ্ঠ বর্ষ (৪১৬৭ x ৮)= ১৬,৬৬৮/-)=২৫,৮৩২/-টাকা।

৫. বর্তমানে প্রতি একরে ২২৫টি হারে চারা লাগানো হয়-যার মধ্যে ১৮০টি চারা উৎপাদন উপযোগী হয়ে থাকলে সফল বাগান হিসেবে গণ্য করা হয়। এডিবি মিশন রিপোর্ট অনুযায়ী প্রতি একরে ১৫০টি চারা থাকলে সফল বাগান হিসেবে গণ্য করা হয়।

৬. বর্তমানে প্রতি একর বাগান সৃজনে (প্রশাসনিক ব্যয়, অবকাঠামো এবং জমির মূল্য ব্যতীত) সর্বমোট খরচ পড়ে চারা (২২৫ x ১৫/-) = ৩৩৭৫/- + বাগান সৃজন-৪৩৩৫/- + পরিচর্যা-২৫,৮৩২/-) = ৩৩,৫৪২/- টাকা। অবকাঠামো ও প্রশাসনিক ব্যয় প্রতি একর-৩০% সহ সর্বমোট = ৪৩,৬০৬/-টাকা।

### **খ) রাবার উৎপাদনঃ**

১. রাবার চারা লাগানোর পর ৬ (ছয়) বছর পরিচর্যা শেষে ৭ম বছরে উৎপাদনে আসে। উৎপাদনের ১ম বর্ষ হতে ২৫ বছর পর্যন্ত একটি নির্দিষ্ট হারে রাবার গাছ উৎপাদন দেয়। প্রতিটি গাছ হতে গড়ে বার্ষিক ১২ (বার) কেজি ল্যাটেক্স অর্থাৎ ৩ কেজি আর.এস.এস পাওয়া যায়। ২৫ বছর উৎপাদন দেয়ার পর রাবার গাছ অর্থনৈতিক জীবনচক্র হারায়। তবে ৩০ বছর পর্যন্ত উৎপাদন পাওয়া যায়।

২. অর্থনৈতিক জীবনচক্র হারানোর পর গাছগুলো কেটে পুনঃবাগান সৃজন করতে হয়। এসকল গাছ থেকে বাগান ভেদে ৫-৮ ঘনফুট গোলকাঠ এবং প্রায় সমপরিমাণ জ্বালানী কাঠ পাওয়া যায়। প্রতি ঘনফুট গোলকাঠ হতে ৫০% হারে Out turn চেরাই কাঠ পাওয়া যায়। CCB ও প্রেসার ট্রিটমেন্টের পর রাবার কাঠ প্রথম শ্রেণীর কাঠ হিসেবে পরিগণিত হয়।

### **৩. আর্থিক মূল্য (প্রতি একর):**

১. বর্তমান বাজার দর অনুযায়ী প্রতি কেজি আর.এস.এস. এর মূল্য-২৪০/- ২৭০/- টাকা (এই দর টেন্ডারে কম বেশী হতে পারে)। প্রতিটি গাছ হতে বছরে গড়ে ৩ কেজি আর.এস.এস. হারে প্রতি একরে ১৮০টি গাছ হিসেবে প্রাপ্ত আর.এস.এস. এর বার্ষিক আর্থিক মূল্য দাঁড়ায় (৩ কেজি আর.এস.এস x ১৮০টি গাছ x ২৪০/-টাকা)=১,২৯,৬০০/-টাকা (প্রসেসিং খরচ বাদে)। প্রতি কেজি আহরণ, প্রসেসিং, প্রশাসনিক খরচ-৪০/-টাকা হিসেবে (১৮০ x ৩ কেজি x ৪০) = ২১,৬০০/- টাকা। বার্ষিক নেট আয় দাঁড়াবে (১,২৯,৬০০/- - ২১,৬০০ = ১,০৮,০০০/-টাকা।

২. ২৫ বছরে ১ (এক) একর হতে আর.এস.এস বাবদে বর্তমান বাজার দরে প্রাপ্তব্য আয় ( $1,29,600/- \times 25$ ) = ৩২,৮০,০০০/-টাকা (আহরণ, প্রসেসিং ও প্রশাসনিক খরচ ব্যতীত)।

৩. প্রতি কেজি আহরণ, প্রসেসিং ও প্রশাসনিক খরচ ৪০/-টাকা হারে ধরা হলে এখাতে ব্যয় দাঢ়াবে ( $180\text{টি গাছ} \times 3 \text{ কেজি} \times 40/- \times 25 \text{ বছর}$ ) = ৫,৮০,০০০/-টাকা। উক্ত খরচ বাদ দিলে ১ (এক) একরে ২৫ বছরে নীট মুনাফা দাঢ়াবে ( $32,80,000/- - 5,80,000/-$ ) = ২৭,০০০০০/- (সাতাইশ লক্ষ) টাকা।

### রাবার গাছ বিক্রি বাবদ আয়ঃ

১। প্রতি একরে গাছের সংখ্যা-১৮০টি, গড় কাঠ পাওয়া যাবে ৬ ঘনফুট-যার ৫০% Out turn চেরাই কাঠ ৩ ঘনফুট হারে ( $180 \times 3$  ঘনফুট) = ৫৪০ ঘনফুট।

২। প্রতি ঘনফুট চেরাই কাঠের বর্তমান মূল্য-৮৫০/-টাকা হারে  $\times 540$  ঘনফুট = ৪,৫৯,০০০/-টাকা। আহরণ, চেরাই ও প্রসেসিং খরচ ৩৫০/-টাকা হারে  $\times 540$  ঘনফুট = ১,৮৯,০০০/- টাকা। নীট লাভ ( $4,59,000/- - 1,89,000$ ) = ২,৭০,০০০/-টাকা।

### ৩। ৫০% Wastage এবং Fire wood বাবদে প্রাপ্তব্যঃ

$$\begin{array}{lcl} \text{Fire wood } (180 \times 6 \text{ স্টেক ঘনফুট}) & = 1080 \text{ Scft} \\ 50\% \text{ Wastage হতে বিক্রিযোগ্য } 40\% & = 432 \text{ Scft} \\ & \hline & = 1512 \text{ Scft} \end{array}$$

প্রতি ৩ Scft তে ১মণ, প্রতি মণের বর্তমান মূল্য ৮০/-টাকা। এ হিসেবে এখাতে প্রাপ্তব্য ( $1512 \text{ Scft} \div 3 \times 80/-$ ) = ২০,১৬০/- টাকা।

### উপরিউক্ত তথ্যানুযায়ীঃ

◆ প্রতি একর বাগান সৃজনে ব্যয়	-	= ৪৩,৬০৫/-
◆ বার্ষিক নিট আয়	-	= ১,০৮,০০০/-
◆ ২৫ বছরে প্রতি একরে উৎপাদন এবং রাবার কাঠ ও জুলানী কাঠ বিক্রি বাবদে সর্বমোট আয় ( $২৭,০০০/+ ২,৭০,০০০/- + ২০,১৬০/-$ )	= ২৯,৯০,০০০/-	
◆ রাবার কাঠ ও জুলানী কাঠ আহরণ, প্রসেসিং ইত্যাদি বাদে প্রতি একরে ২৫ বছরে নিট আয় দাঢ়াবে ( $২৯,৯০,০০০/- - ৪৩,৬০৫/-$ )		= ২৯,৪৬,৫০০/-

### রাবার বাগান হতে প্রাপ্তব্য অতিরিক্ত আয়ঃ

“Additional income from rubber plantations and new carbon negative concept” শিরোনামে প্রাপ্ত পরিচালক Rubber Research Institute of Srilanka (RRIS) Dr. LMK Tillekeratne এর এক প্রতিবেদনে (কপি সংযুক্ত পরিশিষ্ট-২) উল্লেখ করা হয় যে, শ্রীলংকার অন্যান্য কৃষি শস্যের চেয়ে রাবার চাষ অধিক লাভজনক।

উক্ত প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, প্রতি হেক্টের রাবার বাগান বার্ষিক ৩৯.০২ টন কার্বন (প্রতি একরে ১৫.৮০ টন) গ্রহণ করে। প্রতি কেজি কার্বনের প্রস্তাবিত দর ২২ মার্কিন ডলার প্রতি হেক্টেরে প্রতি বছরে ৫৮৫৬.৪ মার্কিন ডলার ( $8,08,091.60$  টাকা) (প্রতি একরে ১,৬৩,৬০০/-টাকা) আয় করা সম্ভব।

উক্ত আয় প্রতি একরে বার্ষিক রাবার উৎপাদন হতে প্রাপ্ত আয় হতে অধিক বলে দেখা যায়।